Español: masspowerchoice.com/cambridge/letter_spanish.pdf
Kreyòl ayisyen: masspowerchoice.com/cambridge/letter_hcreole.pdf
বাংলা: masspowerchoice.com/cambridge/letter_bangla.pdf
አማርኛ: masspowerchoice.com/cambridge/letter_amharic.pdf
masspowerchoice.com/cambridge/letter_arabic.pdf **:عربى**

সিটি অব ক্যামব্রিজ

কমিউনিটি ইলেক্ট্রিসিটি অ্যাগ্রিগেশন প্রোগ্রাম (জনসামাজিক বিদ্যুৎ সমষ্টিভূত কার্যক্রম)

বিজ্ঞপ্তি চিঠি

18 জানুয়ারী 2023

প্রিয় ক্যামব্রিজবাসী অথবা ব্যবসায়িক প্রতিষ্ঠান,

এই চিঠিতে আপনার বৈদ্যুতিক বিল সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য আছে।

বর্তমানে আপনি Eversource (এভারসোর্স) বেসিক সার্ভিসে আছেন। এর মানে Eversource আপনার কাছে বিদ্যুৎ পৌঁছে দেয় এবং Eversource আপনার বিদ্যুৎ সরবরাহকারীও বটে (আপনার জন্য তারা বিদ্যুৎ ক্রয় করে)।

যাইহোক, ক্যামব্রিজ সিটির **ক্যামব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম (Cambridge Community Electricity Program)** নামে একটি বিদ্যুৎ বিষয়ক কর্মসূচি রয়েছে। এই কর্মসূচিতে Eversource আপনাকে বিদ্যুৎ সরবরাহ করে থাকে, তবে শহরটি তার নিজস্ব বিদ্যুৎ সরবরাহকারীকে মনোনীত করেছে। ক্যামব্রিজে একটি নতুন সৌর শক্তি প্রকল্পের উন্নয়নের লক্ষ্যে সিটি এই কর্মসূচি ব্যবহার করেছে। অংশগ্রহণ করার মাধ্যমে আপনি স্থানীয় বিদ্যুৎ গ্রিডে আরো বেশি নবায়নযোগ্য বিদ্যুৎ যুক্ত করতে সহায়তা করছেন।

যদি আপনি এই চিঠিটি পেয়ে থাকেন এবং কোনো কিছু না করেন তাহলে আপনি স্বয়ংক্রিয়ভাবে ক্যামব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রামে অন্তর্ভুক্ত হয়ে যাবেন।

এই কর্মসূচিতে স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্ত হওয়া পরিহার করতে আপনার অংশগ্রহণ না করা/বেরিয়ে যাওয়ার আবেদন অবশ্যই 20 ফেব্রুয়ারী 2023 তারিখের মধ্যে পোস্টমার্ক/ডাকমোহর যুক্ত হতে হবে।

অংশগ্রহণ বলতে বোঝায়: Eversource আপনার বিদ্যুৎ সরবরাহকারী হিসেবে থেকে যাবে। আপনি অব্যাহতভাবে তাদের কাছ থেকে বৈদ্যুতিক বিল পাবেন এবং বিদ্যুৎ চলে গেলে তাদেরকে কল করতে হবে। তবে আপনি আপনার Eversource বিলের সরবরাহ অংশে ডিরেক্ট এনার্জি তালিকাভুক্ত দেখতে পাবেন এবং আপনার বিলে সরবরাহ ব্যয় হিসাব করতে ক্যামব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি কর্মসূচির মূল্য ব্যবহার করা হবে।

আপনি যদি কম-আয়ভুক্ত পৌঁছে দেওয়ার হার (ল-ইনকাম ডেলিভারি রেট) বা জ্বালানি সংক্রান্ত সহায়তার জন্য উপযুক্ত হন, আপনি সেই সকল সুযোগ-সুবিধা পেতে থাকবেন।

অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেওয়ার অর্থ: Eversource অব্যাহতভাবে আপনার বিদ্যুৎ যোগানদাতা হিসেবে থেকে যাবে এবং আপনার বিলের সরবরাহ অংশটি Eversource এর বেসিক সার্ভিস মূল্যেই থেকে যাবে।

অংশগ্রহণ করার সুযোগ-সুবিধা

স্থানীয়, নবায়নযোগ্য বিদ্যুৎ – সিটির নতুন সৌর শক্তি প্রকল্প থেকে আপনার বিদ্যুৎ পরিষেবার মধ্যে নবায়নযোগ্য শক্তি যুক্ত হবে। ফলশ্রুতিতে আপনার বিদ্যুৎতে স্টেটের ন্যূনতম বাধ্যবাধকতার চেয়ে বেশি নবায়নযোগ্য শক্তি যুক্ত হবে।

পছন্দ – প্রোগ্রামটি আপনাকে দুইটি বিকল্প প্রদান করে: 1) স্ট্যান্ডার্ড গ্রীন, যা ক্যামব্রিজের নতুন সৌর প্রকল্প থেকে নবায়নযোগ্য বিদ্যুৎ যুক্ত করবে এবং 2) 100% গ্রীন প্লাস, যাতে 100% নবায়নযোগ্য বিদ্যুৎ এবং ক্যামব্রিজের নতুন সৌর প্রকল্প থেকে নবায়নযোগ্য বিদ্যুতও অন্তর্ভুক্ত করবে। আপনি স্বয়ংক্রিয়ভাবে স্ট্যান্ডার্ড গ্রীন তালিকায় যুক্ত হবেন তবে আপনি চাইলে 100% গ্রীন প্লাসে যুক্ত হতে পারেন। (*পিছনে বিস্তারিত।*)

সম্ভাব্য সঞ্চয় – এই কর্মসূচির মূল্য Eversource এর বেসিক সার্ভিসের মূল্যের চেয়ে কম হতে পারে। যাইহোক, প্রতি 6 মাস অন্তর আবাসিক ও ক্ষুদ্র ব্যবসায়িক গ্রাহকদের জন্য এবং 3 মাস অন্তর বৃহত্তর ব্যবসায়িক গ্রাহকদের জন্য Eversource এর নির্ধারিত বেসিক সার্ভিসের মূল্য পরিবর্তিত হয়। এর ফলে এই কর্মসূচির মূল্য সর্বদা Eversource এর মূল্যের চেয়ে কম নাও হতে পারে এবং সঞ্চয়ের ব্যাপারে নিশ্চয়তা দেওয়া যাবে না।

ক্যামব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম

আপনার নতুন ইলেক্ট্রিসিটি সাপ্লাইয়ের মূল্য

10.20 ¢/kWh

Eversource আবাসিক বেসিক সার্ভিস

25.776 ¢/kWh

Eversource এর বাণিজ্যিক মূল্য পিছনে দেওয়া আছে ▶

গ্রাহক পরিষেবা:

1-844-379-9934

অংশগ্রহণ করতে চান না?

আপনি করতে বাধ্য নন। কার্যক্রমে অংশগ্রহণ করতে না চাইলে কোনো জরিমানা বা ফি দিতে হবে না এবং আপনি যেকোনো সময় বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিতে পারেন।

আপনি যদি অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন তাহলে আপনি একজন Eversource বেসিক সার্ভিস গ্রাহক হিসেবে থেকে যাবেন।

তালিকাভুক্ত হওয়ার পূর্বে বেরিয়ে যেতে চাইলে **20 ফেব্রুয়ারী 2023** এর পূর্বে নিম্নোক্ত যেকোনো একটি কাজ করুন:

- সঙ্গে থাকা কার্ডটি (**20 ফেব্রুয়ারী 2023** তারিখের পূর্বে পোস্টমার্ক করুন) স্বাক্ষর করে ফেরত পাঠান, **1-844-379-9934** নম্বরে কাস্টমার সাপোর্টে কল করুন বা অনলাইনে জড়িত না থাকার সিদ্ধান্ত নিন এই ঠিকানায় **www.masspowerchoice.com/cambridge**

ভবিষ্যতে বেরিয়ে যেতে চাইলে যেকোনো সময়ে নিম্নলিখিত যেকোনো একটি কাজ করুন:

- **1-844-379-9934** নম্বরে কাস্টমার সাপোর্টে কল করুন বা অনলাইনে জড়িত না থাকার সিদ্ধান্ত নিন এই ঠিকানায় **masspowerchoice.com/cambridge**

কার্যক্রমের বিকল্প এবং মূল্য

1. আপনি যদি কিছু না করেন, আপনি স্বয়ংক্রিয়ভাবে স্ট্যান্ডার্ড গ্রীনে নথিভুক্ত হয়ে যাবেন:	**10.20 ¢/kWh*** আবাসিক, ক্ষুদ্র ও বৃহৎ ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য *(এটি সবচেয়ে কম খরচের বিকল্প।)*
নবায়নযোগ্য শক্তির সারমর্ম	**ম্যাসাচুসেটসের ন্যূনতম নবায়নযোগ্য শক্তি বিষয়ক শর্তাবলী পূরণ করে এবং নতুন কেমব্রিজ সৌর প্রকল্প থেকে বাড়তি নবায়নযোগ্য শক্তি সরবরাহ করবে।****
মূল্যের সময়কাল	তালিকাভুক্তি - জানুয়ারি 2024 মিটার রিড।
বেরিয়ে যাওয়ার শর্তাবলী (একজিট টার্ম)	যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাবার জন্য কোনো ফি দিতে হবে না।

2. আপনি যদি 100% নবায়নযোগ্য শক্তি চান, তা হলে আপনি 100% গ্রীন *প্লাস* পছন্দ করতে পারেন: ▶ **100% গ্রীন *প্লাস* পছন্দ করতে কাস্টমার সাপোর্টে 1-844-379-9934 নম্বরে কল করুন।**	**13.669 ¢/kWh*** আবাসিক, ক্ষুদ্র ও বৃহৎ ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য *(এটি আরো ব্যয়বহুল বিকল্প।)*
নবায়নযোগ্য শক্তির সারমর্ম	**নিউ ইংল্যান্ডে নবায়নযোগ্য শক্তি প্রকল্পসমূহ থেকে 100% ক্লিন এনার্জি এবং নতুন ক্যামব্রিজ সৌর প্রকল্প থেকে বাড়তি নবায়নযোগ্য শক্তি সরবরাহ করবে।****
মূল্যের সময়কাল	তালিকাভুক্তি - জানুয়ারি 2024 মিটার রিড।
বেরিয়ে যাওয়ার শর্তাবলী (একজিট টার্ম)	যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাবার জন্য কোনো ফি দিতে হবে না।

3. আপনি যদি অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, আপনি Eversource বেসিক সার্ভিসে থেকে যাবেন:	**25.776 ¢/kWh** আবাসিক **26.176 ¢/kWh** ক্ষুদ্র ব্যবসা **39.961 ¢/kWh** বৃহৎ ব্যবসা
নবায়নযোগ্য শক্তির সারমর্ম	ম্যাসাচুসেটসের ন্যূনতম নবায়নযোগ্য শক্তি বিষয়ক শর্তাবলী পূরণ করে।
মূল্যের সময়কাল	আবাসিক ও ক্ষুদ্র ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য 1 জানুয়ারী 2023 - 30 জুন 2023 তারিখ পর্যন্ত। বৃহত্তর বাণিজ্যিক অ্যাকাউন্টের জন্য 1 জানুয়ারী 2023 - 31 মার্চ 2023 পর্যন্ত। প্রতি 6 মাস অন্তর আবাসিক ও ক্ষুদ্র ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য এবং প্রতি 3 মাস অন্তর বৃহৎ ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য Eversource-এর ফিক্সড বেসিক সার্ভিস মূল্য পরিবর্তিত হয়।
বেরিয়ে যাওয়ার শর্তাবলী (একজিট টার্ম)	যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাবার জন্য কোনো ফি দিতে হবে না। যাইহোক, বড় C&I (রেট G-3, T-2, এবং WR) এবং নির্দিষ্ট মূল্যের বেসিক পরিষেবা বিকল্পে রাস্তার আলোর গ্রাহকরা একটি বিলিং সমন্বয় পেতে পারে, যা ক্রেডিট বা চার্জ হতে পারে।

* স্ট্যান্ডার্ড গ্রীন মূল্য এবং 100% গ্রীন প্লাস মূল্য উভয়টিতে $0.00075/kWh প্রশাসনিক ফি এবং $0.002/kWh পরিচালনাগত অ্যাডার অন্তর্ভুক্ত হতে পারে। কোনো আইনের পরিবর্তনের ফলে বিদ্যুৎ সরবরাহ চুক্তির মেয়াদকালে যদি প্রত্যক্ষভাবে উপকরণ ব্যয় বৃদ্ধি পায় তাহলে প্রকল্পের মূল্য বৃদ্ধি পেতে পারে।

** পরিচালনাগত অ্যাডারের ফলে সংগ্রহকৃত তহবিল নতুন সৌর প্রকল্প তৈরির কাজে সহায়তা করার জন্য ব্যবহার করা হয়েছে। স্ট্যান্ডার্ড গ্রীন এবং 100% গ্রীন প্লাস উভয় অংশগ্রহণকারীদের ব্যবহৃত বিদ্যুতের একটি অংশে সিটি এই প্রকল্পের উৎপাদিত RECs প্রয়োগ করবে।

প্রায়ই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

সাশ্রয় কি নিশ্চিত? না। আপনার কোন ধরনের অ্যাকাউন্ট রয়েছে তার উপর ভিত্তি করে Eversource-এর নির্ধারিত বেসিক সার্ভিস মূল্য প্রতি ছয় মাস বা তার কম সময় অন্তর পরিবর্তিত হয় এবং ভবিষ্যৎ মূল্যসমূহ নির্ধারিত নেই। Eversource-এর বেসিক সার্ভিস মূল্য পরবর্তীতে 1 জুলাই 2023 তারিখে আবাসিক ও ক্ষুদ্র ব্যবসায়িক অ্যাকাউন্টসমূহের জন্য এবং 1 এপ্রিল 2023 তারিখে বৃহৎ ব্যবসায়িক অ্যাকাউন্টসমূহের জন্য পরিবর্তিত হবে। বর্তমান মূল্য জানতে https://www.eversource.com ভিজিট করুন।

আমি ইতোমধ্যে একটি বিদ্যুৎ সরবরাহকারীর সাথে আমার নিজস্ব চুক্তি সম্পন্ন করেছি। আমাকে কী করতে হবে? আপনার যদি বর্তমানে কোনো কোম্পানির সাথে কোনো চুক্তি থাকে এবং আপনি যদি সেই চুক্তিটি বহাল রাখতে চান তাহলে আপনাকে অবশ্যই ক্যামব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম থেকে বেরিয়ে যেতে হবে। কর্মসূচি থেকে বেরিয়ে যেতে ব্যর্থ হলে আপনি তালিকাভুক্ত হয়ে যাবেন এবং আপনার বিদ্যুৎ সরবরাহকারীর নিকট শাস্তির শিকার হতে পারেন।

আমার একটি কর-মুক্ত অ্যাকাউন্ট রয়েছে। আমি কিভাবে আমার অ্যাকাউন্টের কর-মুক্ত অবস্থা বজায় রাখতে পারি? কর্মসূচির পাওয়ার সাপ্লাই চার্জের অংশ হিসেবে করের বিল করা হবে। গ্রাহকরা প্রত্যক্ষ শক্তিকে যথাযথ কর-ছাড়ের ডকুমেন্টেশন প্রদান করে যেকোনো কর সংগ্রহ থেকে অব্যাহতির জন্য শনাক্তকরণ এবং অনুরোধ করার জন্য দায়ী। আপনার ডকুমেন্টেশন কোথায় জমা দিতে হবে সে সম্পর্কে জানতে masspowerchoice.com/cambridge ভিজিট করুন।

আপনার অতিরিক্ত যেকোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে **1-844-379-9934** নম্বরে কাস্টমার সাপোর্টে কল করুন বা **cambridge@masspowerchoice.com** ঠিকানায় ইমেইল করুন বা **www.masspowerchoice.com/cambridge** ভিজিট করুন। আমাদের কর্মসূচির পরামর্শকগণ আপনাকে সহায়তা করতে পারলে নিজেদেরকে ধন্য মনে করবেন। এসবের বাইরেও আপনি 617-349-5323 নম্বরে সিটি অব ক্যামব্রিজকে সরাবরি কল করতে পারেন।

ই-এন হুয়াং (Yi-An Huang)
সিটি ম্যানেজার

জড়িত না থাকার সিদ্ধান্ত নেওয়ার রিপ্লাই কার্ড

কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম

X ____

স্বাক্ষর তারিখ

জড়িত না থাকার সিদ্ধান্ত নেওয়া সংক্রান্ত নির্দেশাবলী

কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রামে অংশগ্রহণ করতে হলে আপনাকে কিছু করতে হবে না।

আপনি যদি অংশগ্রহণ করতে না চান তাহলে আপনাকে অবশ্যই বেরিয়ে যেতে হবে। ডাকযোগে বেরিয়ে যেতে চাইলে:

১। এই কার্ডটিতে স্বাক্ষর করুন এবং তারিখ দিন।
২। সঙ্গে থাকা খামে কার্ডটি ঢোকান।
৩। আর খামটি মেল করে দিন।

কার্ডটিতে যে রেকর্ডকৃত গ্রাহকের নাম দেখা যাচ্ছে অবশ্যই সেই ব্যক্তি কর্তৃক কার্ডটি স্বাক্ষরিত হতে হবে। স্বয়ংক্রিয় তালিকাভুক্তি এড়িয়ে যেতে চাইলে খামটি অবশ্যই 20 ফেব্রুয়ারী 2023 তারিখের পূর্বে পোস্টমার্ককৃত হতে হবে। এছাড়াও আপনি masspowerchoice.com/cambridge ঠিকানায় গিয়ে বা 1-844-379-9934 নম্বরে কাস্টমার সাপোর্টে কল করে যেকোনো সময় জড়িত না থাকার সিদ্ধান্ত নিতে পারেন।